

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date:02-11-2024**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**PM-Kusum Yojna :**

পি এম কুসুম প্রকল্পে রাজ্যে এখন পর্যন্ত সেচের জন্য কৃষকদের ৩৩৬৩টি সোলার পাম্প প্রদান করা হয়েছে। আরো ৫০০০ সোলার পাম্প প্রদানের জন্য উদ্যোগ নেওয়া হয়েছে। পুনর্নবীকরণ যোগ্য শক্তি উন্নয়ন সংস্থার যুগ্ম অধিকর্তা দেবব্রত শুল্ক দাস গতকাল আকাশবাণীর প্রতিনিধিকে একথা জানিয়েছেন। তিনি বলেন, এই প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে গ্রামীণ এলাকার কৃষকদের আর্থিক মান উন্নয়ন। এই পাম্প ব্যবহারের মধ্য দিয়ে বিদ্যুৎ সাশ্রয়ের পাশাপাশি কৃষকদের ফসল ও আয় দ্বিগুণ হচ্ছে। যে সমস্ত এলাকায় এখনো বিদ্যুৎ পৌঁছায়নি বিশেষ করে পশ্চাৎপদ বারোটি ব্লক এলাকায় কৃষকদের মধ্যে এই পাম্প বিতরণ করা হয়েছে।

\*\*\*\*\*

**Namo Drone :**

সরকার নমো ড্রোন দিদি প্রকল্পের প্রয়োগ সংক্রান্ত নির্দেশিকা প্রকাশ করেছে। কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রক দীনদয়াল অন্তোদয় যোজনা, জাতীয় গ্রামীণ জীবিকা মিশনের অধীনে মহিলা স্বনির্ভর গোষ্ঠীগুলিকে এক হাজার ২৬১ কোটি টাকা ব্যয়ে ড্রোন দেওয়ার জন্য এই প্রকল্পের অনুমোদন করেছে। এই প্রকল্পের লক্ষ্য ২০২৪-২৫ থেকে ২০২৫-২০২৬ অর্থবছরে ১৪ হাজার ৫০০টি নির্বাচিত মহিলা স্বনির্ভর গোষ্ঠীকে ড্রোন সরবরাহ করা। ড্রোন কেনার জন্য মহিলা স্বনির্ভর গোষ্ঠীগুলিকে সর্বাধিক আট লক্ষ টাকা পর্যন্ত ড্রোন এবং আনুষঙ্গিক ব্যয়ের ৮০ শতাংশ প্রদান

করা হবে। স্বনির্ভর গোষ্ঠীগুলির ক্লাস্টার স্তরের ফেডারেশনগুলি  
ঋণের সুবিধা দেবে। মহিলা স্বনির্ভর গোষ্ঠীগুলির একজন সদস্যকে  
১৫দিনের প্রশিক্ষণের জন্য নির্বাচিত করা হবে।

\*\*\*\*\*

#### **Anna Kut:**

উৎসব মরসুমে আজ অন্নকূট উৎসব ও গিরি গোবর্ধন পূজা।  
ভগবান শ্রী কৃষ্ণের গিরি গোবর্ধন ধারণ লীলার অনুসারেই গোবর্ধন  
পূজা ও অন্নকূট উৎসব। নানা রকম ব্যঞ্জে ভগবানকে ভোগ  
নিবেদনই হল অন্নকূট উৎসব। আগরতলার জগন্নাথ জিউ মন্দির,  
ইসকন মন্দিরসহ বিভিন্ন মন্দির ও বাড়িতে এই উপলক্ষে ভোগ  
নিবেদন করা হয়। জগন্নাথ জিউ মন্দির, ইসকন মন্দিরে এই  
উপলক্ষে বিশেষ পূজা পাঠেরও আয়োজন করা হয়েছে।

এদিকে, গতকাল অমাবস্যা তিথি শেষ হওয়ার পর আগরতলার  
বিভিন্ন পূজা মন্ডপের কালী প্রতিমা বিসর্জন দেওয়া হয়। রাতে  
ধুমধাম করে বিসর্জনের মিছিল শহরের বিভিন্ন পথ পরিক্রমা  
করে।

\*\*\*\*\*

#### **Special Train:**

উৎসবের মরসুমে যাত্রীদের অতিরিক্ত ভিড় সামলাতে ও  
আরামদায়ক ভ্রমণ নিশ্চিত করতে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের  
পক্ষ থেকে মোট ১২ জোড়া উৎসব স্পেশাল ট্রেন চালু করা  
হয়েছে। রাজ্যে এই উৎসব স্পেশাল ট্রেনের যাত্রা শেষ হবে  
আজ। অন্যান্য রুটে আগামী চৌঠা নভেম্বর পর্যন্ত উৎসব  
স্পেশাল ট্রেন চলবে।

\*\*\*\*\*

#### **NF railway derailed:**

এন এফ রেলওয়ের লামডিং- বদরপুর শাখার মুপার কাছে একটি রেলসুরঙ্গে লাইনচ্যুত ও আটকে পড়া মালবোঝাই বগি উদ্ধার ও রেল লাইন পুনরায় চালু করার প্রয়াস অব্যাহত রয়েছে। আগরতলার রেল স্টেশনের স্টেশন ম্যানেজার সি এম সাহু আজ সকালে জানিয়েছেন, লাইন সারাইয়ের কাজ আজ সম্পূর্ণ হওয়ার সম্ভাবনা রয়েছে। গত ৩১শে অক্টোবর এই দুর্ঘটনার পর থেকে এই লাইনে ট্রেন চলাচল বন্ধ রয়েছে। ফলে, এন এফ রেলওয়ের ১৩টি দূরপাল্লার ট্রেন বাতিল করা হয়েছে ও ৮টি ট্রেন চলাচল গুয়াহাটি ও লামডিং পর্যন্ত যাত্রা বিরতি করা হয়েছে।

বাতিল হওয়া ট্রেনগুলোর মধ্যে রয়েছে, গুয়াহাটি থেকে আগরতলা, আগরতলা থেকে ফিরজপুর ক্যান্টনমেন্ট, আগরতলা- সেকেন্দ্রাবাদ। আংশিকভাবে পরিবর্তন করা ট্রেনগুলোর মধ্যে রয়েছে, SMVT বেঙ্গালুরু- আগরতলা হামসফর এক্সপ্রেস, শিয়ালদহ-সাবরুম কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস, আনন্দবিহার টার্মিনাল-আগরতলা তেজস এক্সপ্রেস।

\*\*\*\*\*

#### **Indo- Chaina border conflict:**

পূর্ব লাদাখ অঞ্চলে প্রকৃত নিয়ন্ত্রণরেখা এলএসি বরাবর ভারত ও চীনের সেনারা টহল দেওয়া শুরু করেছে। ভারতীয় সেনাবাহিনী সূত্রে জানা গেছে, ২০২০ সালের এপ্রিলে দুই দেশের বাহিনীর মধ্যে সংঘর্ষ শুরু হওয়ার পর প্রায় সাড়ে চার বছর বন্ধ থাকা ডেমচক এলাকায় টহল দেওয়া পুনরায় শুরু হয়েছে। অন্য দিকে শিগগিরই দেপসাংয়ে টহল আবার শুরু হবে বলে জানানো হয়।

গত মাসে কয়েক দফা কূটনৈতিক ও সামরিক পর্যায়ে আলোচনার পর উভয় দেশ সেনা প্রত্যাহারের বিষয়ে ঐকমত্যে পৌঁছেছে।

\*\*\*\*\*

### **Police success:**

আমবাসা থানার পুলিশ গতকাল জাতীয় সড়কে এক গাড়িতে তল্লাশি চালিয়ে দুই কোটি টাকার নেশাদ্রব্য বাজেয়াপ্ত করেছে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা এজন্য আমবাসা থানার পুলিশ কর্মীদের শুভেচ্ছা জানিয়েছেন। পুলিশ সদর দপ্তর জানিয়েছে, জাতীয় সড়কে একটি চার চাকার গাড়ি আটক করে তল্লাশি করে পুলিশ নেশার জন্য ব্যবহৃত ৮০ হাজার ইয়াবা ট্যাবলেট উদ্ধার করেছে। এই ঘটনায় আমবাসা থানায় এনডিপিএস আইনে একটি মামলা নথিভুক্ত করা হয়েছে বলে পুলিশ সদর দপ্তর জানিয়েছে।

\*\*\*\*\*

### **Weather:**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ আজ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালের দিকে হালকা কুয়াশা ছিল। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩২ ডিগ্রির কাছাকাছি। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩.২ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*